এই সম্পদসমূহ বিবেচনা করুন:

নিউ ইয়র্ক স্টেট HOPEline:

1-877-846-7369

মদ্য সেবন, মাদক অপব্যবহার এবং সমস্যাজনক জুয়ার জন্য দিনে 24 ঘন্টা, বছরে 365 দিন সাহায্য এবং আশা প্রদান করে। সমস্ত কল মাশুল-বিহীন, বহুভাষী, নামবিহীন এবং গোপনীয়।

পেরেন্ট হেল্পলাইন:

1-800-CHILDREN (244-5373)

একটি স্টেট ব্যাপী তথ্য এবং রেফারেল লাইন যা আপনাকে আপনার প্রয়োজনীয় পরিষেবার সঙ্গে যোগাযোগ করার জন্য সাহায্য করতে পারে। এটি বিনামূল্যের, গোপনীয়, এবং বহুভাষী।

এখানে আরও তথ্য পাওয়া যাবে:

https://preventchildabuseny.org/

মাদক এবং/অথবা মদ্য সেবন সমস্যায় আক্রান্ত লোকেদের জন্য নিউ ইয়র্ক সিটির অনেকগুলি বিনামূল্যের কম-খরচের পরিষেবা আছে।

তথ্য এবং রেফারেলের জন্য নিউ ইয়র্ক সিটির দিনে 24 ঘন্টা, সপ্তাহে-সাত-দিনের বহুভাষী হটলাইন

1-888-NYC-WELL (1-888-692-9355)

নম্বরে কল করুন।

সামাজিক পরিষেবার স্থানীয় বিভাগ

আপনার এবং আপনার পরিবারের জন্য লভ্য সম্পদের ব্যাপারে আরও তথ্যের জন্য আপনার স্থানীয় DSS-এর সঙ্গে যোগাযোগ করুন।

https://ocfs.ny.gov/main/localdss.asp

আমার CPS কেসকর্মীর নাম:

আমার CPS কেসকর্মীর সুপারভাইজার:

আমার CPS কেসকর্মীর ফোন:

আমার CPS কেসকর্মীর সুপারভাইজারের ফোন:

NEW YORK STATE | Office of Children and Family Services

Capital View Office Park
52 Washington Street,
Rensselaer, NY 12144
আমাদের ওয়েবসাইট দেখুন: **ocfs.ny.gov**

লালনপালন এবং দত্তক নেওয়া সম্পর্কিত তথ্যের জন্য এই নম্বরে ফোন করুন:

1-800-345-KIDS (5437)

শিশু নিগ্রহ এবং ভুল আচরণের কথা জানাতে এখানে কল করুন:

1-800-342-3720

যদি আপনার শিশু পরিচর্যা প্রদানকারীর বিষয়ে কোনও উদ্বেগ থাকে, তাহলে শিশু পরিচর্যা অভিযোগ লাইনে এই নম্বরে কল করুন:

1-800-732-5207

পরিত্যক্ত শিশু সুরক্ষা আইনে আরও তথ্য পাওয়ার জন্য এই নম্বরে কল করুন:

1-800-505-SAFE (7233)

আপনার স্থানীয় APS ইউনিটের ফোন নম্বরের জন্য মানব পরিষেবা কল সেন্টারে প্রাপ্তবয়স্ক পরিষেবা হেল্প লাইনে এই নম্বরে কল করুন:

1-844-697-3505

"...আমাদের সন্তান, পরিবার, এবং কমিউনিটির সুরক্ষা, স্থায়িত্ব, এবং ভালো থাকাকে সহায়তা করা। ..."

প্রতিবন্ধী আমেরিকানদের আইন অনুযায়ী, নিউ ইয়র্ক স্টেটের শিশু এবং পরিবার পরিষেবা অফিস অনুরোধ সাপেক্ষে এই পুস্তিকাটি যথাযথ ফরম্যাটে উপলব্ধ করবে।

Pub. 5212-BN (11/2019)

NEW YORK STATE | Office of Children and Family Services

মাদক ব্যবহারকারী বা পুনর্বাসনে থাকা পিতা-মাতাদের জন্য নির্দেশিকা

এক সঙ্গে কাজ করার জন্য শিশু সুরক্ষা পরিষেবা (Child Protective Services, CPS) -এর ভূমিকা এবং পরামর্শ

ocfs.ny.gov

শিশু সুরক্ষা পরিষেবা (Child Protective Services, CPS) কী করে?

বাচ্চাদের সুরক্ষিতভাবে যত্ন নেওয়া হচ্ছে কিনা নির্ধারণ করার জন্য আইন অনুযায়ী CPS-কে বাচ্চাদের সঙ্গে অপব্যবহার অথবা অসদাচরণের অভিযোগের তদন্ত করতে হয়।

যদি তারা আপনার পরিবারের সঙ্গে যুক্ত থাকেন তাহলে এটির অর্থ হলো আপনার বচ্চার ব্যাপারে স্টেট সেন্ট্রাল রেজিস্ট্রিতে কেউ উদ্বেগের রিপোর্ট জানিয়েছে।

একটি রিপোর্ট তৈরি করা হয়েছে মানে এই নয় যে CPS আপনাআপনিই সেই রিপোর্টের প্রতি একমত হবে।

তারা আপনার এবং আপনার পরিবারের সঙ্গে কথা বলতে চাইবে, কিন্তু আপনি তাদের সঙ্গে কথা বললে অথবা না বললেও তাদের তদন্ত অবশ্যই সম্পূর্ণ করতে হবে।

তদন্ত সম্পূর্ণ করার জন্য CPS-এর কাছে 60 দিন আছে। মুক্ত মনের এবং সৎ থাকা খুবই গুরুত্বপূর্ণ যাতে তারা আপনার পরিবারকে সহায়তা করার জন্য সবচেয়ে ভাল উপায় খুঁজে পেতে পারে।

শ্রুতিকথা/জনশ্রুতি: যদি আমি CPS-কে বলি যে আমি মাদক অথবা মদ্য ব্যবহার করি, অথবা পুনরায় আগের অবস্থায় চলে যাই তাহলে তারা এটি আমার এবং আমার পরিবারের বিরুদ্ধে ব্যবহার করবে এবং আমার বাচ্চাদের নিয়ে চলে যাবে।

সত্য: আপনি মাদক অথবা মদ্য ব্যবহার করলেও যদি পিতা-মাতা সুরক্ষিতভাবে বাচ্চাদের পরিচর্যা করে তাহলে CPS বাচ্চাদেরকে নিয়ে চলে যাবে না। CPS আরও বোঝে যে আগের অবস্থায় ফিরে যাওয়া পুনর্বাসন প্রক্রিয়ার একটি অংশ এবং যদি আপনি আগের অবস্থায় ফিরে যান তাহলে আপনার বাচ্চাদেরকে সুরক্ষিত রাখার উপায় খোঁজার জন্য আপনার সঙ্গে কাজ করবে।

যখন বাচ্চাদেরকে সুরক্ষিত রাখা আবশ্যক হয়ে পড়ে তখনই কেবল CPS বাচ্চাদেরকে তাদের পিতা-মাতার কাছ থেকে নিয়ে চলে যায় এবং তারা শেষ উপায় হিসাবে এটি করে। আদর্শগতভাবে, CPS আপনার বাচ্চার জন্য উপযুক্ত সম্পদ চিহ্নিত করতে আপনাকে সাহায্য করবে যাতে তাদেরকে অস্থায়ীভাবে আপনার বাড়ি ছেড়ে যেতে হয়।

শ্রুতিকথা/জনশ্রুতি: ইনপেশেন্ট মাদক অপব্যবহারের চিকিৎসা করানোর কারণে CPS আমার বাচ্চাদের অপরিচিতদের সাথে একটি আবাসনে রাখবে।

সত্য: একটি সুরক্ষিত বিকল্প থাকার ব্যবস্থা খোঁজার জন্য CPS আপনার সঙ্গে কাজ করবে যেমন আপনার জন্য প্রয়োজনীয় সাহায্য আপনি পাওয়ার সময় বিশ্বস্ত পরিবার অথবা বন্ধুদের সাথে।

CPS কিভাবে জানবে যে আমার বাচ্চারা সুরক্ষিত আছে?

CPS আপনার, আপনার বাচ্চাদের এবং অন্য কারও সঙ্গে কথা বলবে যাদের কাছে তথ্য থাকতে পারে যেমন পরিবারে সদস্য, শিক্ষক, অথবা প্রতিবেশী।

তারা আপনাকে কিভাবে আপনার বাড়িতে আপনার বাচ্চাদেরকে সুরক্ষিত রাখবেন সে বিষয়ে নির্দিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করবে বিশেষত যদি আপনি মাদক অপব্যবহার অথবা মদ্য পান করেন।

যদি প্রয়োজন হয় তাহলে CPS আপনার বাচ্চাদের জন্য সুরক্ষা প্ল্যান তৈরি করবে।

শ্রুতিকথা/জনশ্রুতি: CPS কোনও সাহায্যের প্রস্তাব না দিয়েই আমার পরিবার সম্পর্কে ধারণা তৈরি করবে এবং সিদ্ধান্ত নেবে।

সত্য: CPS জানে যে আপনার পরিবারের ব্যাপারে আপনি একজন বিশেষজ্ঞ, এবং আপনার প্রয়োজনগুলি পূরণ করার উদ্দেশ্যে সমাধান এবং সম্পদ খোঁজার জন্য তারা আপনাকে সাহায্য করতে পারে। CPS আপনার পরিষেবার জন্য আপনার পক্ষ থেকে রেফারেল করে এবং আপনার কমিউনিটির সপোর্টের সাথে আপনার সংযোগ স্থাপনের প্রয়াস করে।

CPS কিভাবে আমার পরিবারকে সাহায্য করতে পারে?

প্রথমে, CPS-এর জন্য এটি বোঝা খুব গুরুত্বপূর্ণ যে আপনার মাদক অথবা মদ্য ব্যবহার কিভাবে আপনার বাচ্চার পরিচর্যা করার আপনার ক্ষমতাকে প্রভাবিত করছে।

একটি সুরক্ষা প্ল্যানের অংশ হিসেবে CPS আপনাকে এবং আপনার পরিবারকে সাহায্য করার জন্য শিশু পরিচর্যা এবং পরামর্শের মতো বিষয়ের সাথে সাহায্য করতে পারে।

যদি আপনার মাদক অথবা মদ্য অথবা মানসিক স্বাস্থ্যের চিকিৎসার প্রয়োজন হয় CPS আপানাকে সেই পরিষেবাগুলি খুঁজতে সাহায্য করবে।

চিকিৎসার জন্য কি আমাকে চলে যেতে হবে?

CPS আপনাকে মাদক এবং মদ্য মূল্যায়নের জন্য রেফার করতে পারে, যাখানে প্রশিক্ষিত প্রদানকারী আপনার প্রয়োজনের জন্য উপযুক্ত চিকিৎসার স্তর সুপারিশ কর।

যদি আপনি ইনপেশেন্ট চিকিৎসায় যোগ দেন তাহলে CPS আপনার বাচ্চার উদ্দেশ্যে পরিচর্যা প্রদানকারী চিহ্নিত করার উদ্দেশ্যে কাজ করবে পরিবার অথবা অন্যান্য সহযোগিতামূলক প্রাপ্তবয়স্ক সহ।

যদি CPS দ্বারা আমার তদন্ত করা হয় তাহলে আমার কি করা উচিত?

- **মুক্ত মনের এবং সৎ থাকবেন।** CPS সাহায্য করার জন্য কাজ করে ক্ষতি করার জন্য নয়। SCR দ্বারা একবার রিপোর্ট করা হলে আইন অনুযায়ী CPS-কে তদন্ত করতেই হবে। মুক্ত মনের এবং সৎ থাকলে আপনার বাচ্চাদের সুরক্ষিত এবং আপনার পরিবারকে মজবুত রাখতে আপনাকে সাহায্য করার জন্য CPS সাহায্য পাবে।
- তদন্ত প্রক্রিয়া দ্রুত করার জন্য **উপলব্ধ** এবং সহযোগিতামূলক থাকবেন
- **নিজের কথা বলবেন:** মনে রাখবেন, আপনি আপনার পরিবারের একজন বিশেষজ্ঞ এবং আপনার মতামত গুরুত্বপূর্ণ। আপনার পরিবার সম্পর্কে মর্যাদাপূর্ণভাবে আপনার বিশ্বাস, মূল্যবোধ এবং মতামত জানানো খুবই গুরুত্বপূর্ণ।
- **প্রতিক্রিয়াশীল থাকবেন:** CPS-এর সঙ্গে যোগাযোগে থাকবেন—যোগাযোগ উপেক্ষা করলে অথবা বিলম্বিত করলে আপনার কেস কেবল প্রসারিত হবে।
- **সক্রিয় থাকবেন:** যদি CPS-এর কোনও উদ্বেগ থাকে, দ্রুত এবং যতটা সম্ভব সক্রিয়ভাবে সেটি সমাধান করার আপনার শ্রেষ্ঠ প্রয়াস করবেন। CPS-কে আপনার সহযোগিতামূলক নেটওয়ার্কের ব্যাপারে বলুন যারা সাহায্য করতে পারেন যেমন পরিবার, বন্ধু, গির্জার সদস্য, সমবয়সী সহযোগী গ্রুপ, কাউন্সেলার ইত্যাদি। যে কোনও পরিবারের সদস্য অথবা নিকট বন্ধুর সঙ্গে যোগাযোগ করুন যারা আপনার পরিবারের জন্য একজন সম্পদ বা সহায়ক হতে পারে।
- **সবার সঙ্গে মিলে কাজ করুন:** আপনাকে সহযোগিতা করার জন্য পরিবার এবং বন্ধুদের একটি মজবুত নেটওয়ার্ক স্থাপন করা আপনার বাচ্চা এবং পরিবারের জন্য ইতিবাচক ফলাফল পাওয়ার ক্ষেত্রে খুব গুরুত্বপূর্ণ হতে পারে।